অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/17/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কৃত্রিম বুদ্ধিমত্তার কর্ম পরিকল্পনার উন্নয়নের বিষয়ে তথ্যের অনুরোধের প্রতিক্রিয়ায় নিউ ইয়র্ক স্টেটের মন্তব্য ঘোষণা করেছেন

বিশ্বব্যাপী প্রতিযোগিতা এবং বাণিজ্যিকীকরণ, বুদ্ধিবৃত্তিক সম্পত্তি এবং গবেষণা নিরাপত্তা এবং শক্তি উদ্ভাবন এবং পর্যাপ্ততাকে অগ্রাধিকার দেওয়ার জন্য ট্রাম্প প্রশাসনের প্রতি আহ্বান জানানো হয়েছে

সায়েন্টিফিক রিসার্চ এবং ইউনিভার্সিটিগুলোর জন্য ফেডারেল ফান্ডিং এবং চিপস আইনকে অবমূল্যায়ন করা সহ আমেরিকান ইনোভেশনের ফাউন্ডেশনকে অবমূল্যায়ন করার নীতির বিরুদ্ধে সতর্কতা

নিউ ইয়র্ক স্টেটের মন্তব্যগুলো এখানে পাওয়া যাবে

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ট্রাম্প প্রশাসনের থেকে কৃত্তিম বুদ্ধিমত্তার কর্ম পরিকল্পনার উন্নয়ন বিষয়ক তথ্যের অনুরোধের প্রতিক্রিয়ায় নিউ ইয়র্ক স্টেটের মন্তব্য ঘোষণা করেছেন। AI ও সংশ্লিষ্ট প্রযুক্তিতে গ্লোবাল লিডার হিসেবে নিউ ইয়র্ক এমন অগ্রগতি চালিত করেছে যা আমেরিকার জাতীয় ও অর্থনৈতিক নিরাপত্তাকে এগিয়ে নিয়ে গেছে, AI-এর নিরাপদ স্থাপনা ও ব্যবহারকে প্রসারিত করেছে, উচ্চ-মানের চাকরি তৈরি করেছে এবং উচ্চ কার্যক্ষমতাসম্পন্ন কম্পিউটিং সিস্টেমে অ্যাক্সেস প্রসারিত করেছে। নিউ ইয়র্ক হলো বিশ্ব-বিখ্যাত গবেষণা প্রতিষ্ঠান, অগ্রগামী AI কোম্পানি এবং একটি সমৃদ্ধ উদ্ভাবনী ইকোসিস্টেম যা AI, সেমিকন্ডাক্টর এবং কোয়ান্টাম নেটওয়ার্কিং এবং কম্পিউটিং-এ রূপান্তরমূলক অগ্রগতির জন্য অর্থনৈতিক উৎপাদনশীলতা বৃদ্ধি করেছে। যেহেতু ফেডারেল সরকার একটি AI কর্ম পরিকল্পনা তৈরি করছে তাই নিউ ইয়র্ক ট্রাম্প প্রশাসনকে বিশ্বব্যাপী প্রতিযোগিতা এবং বাণিজ্যিকীকরণ, বুদ্ধিবৃত্তিক সম্পত্তি এবং গবেষণা সুরক্ষা এবং শক্তি উদ্ভাবন এবং পর্যাপ্ততাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছে।

“মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বব্যাপী AI বিপ্লবে চীন এবং বাকি বিশ্বের সাথে প্রতিযোগিতা চালিয়ে যাচ্ছে এবং আমাদের ফার্স্ট-ইন-দ্য-নেশন এম্পায়ার AI কনসোর্টিয়ামের মাধ্যমে নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে। আমাদের বিশ্বমানের উদ্ভাবন অর্থনীতি, এনার্জি গ্রিড ইনভেস্টমেন্ট এবং শিল্পী ও নির্মাতাদের মেধা সম্পত্তি অধিকার সুরক্ষার সাথে আমরা নিশ্চিত করতে প্রস্তুত রয়েছি যে AI ভালোর জন্য একটি শক্তি, শুধু বিশাল বৈশ্বিক কোম্পানিগুলোর জন্য নয়,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “নিরাপদ, টেকসই এবং বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক AI ভবিষ্যত গড়ে

তোলার পাশাপাশি নিউ ইয়র্ক এই ক্রমবর্ধমান অর্থনীতিতে নিউ ইয়র্কবাসীদের ব্যবসা চালু করতে এবং ভাল চাকরি পেতে সহায়তা করে যাচ্ছে। আমরা সেই লক্ষ্যগুলোকে এগিয়ে নিতে ট্রাম্প প্রশাসনের সাথে সহযোগিতা করার সুযোগগুলোকে স্বাগত জানাই।"

AI-তে নিউ ইয়র্কের নেতৃত্বকে এগিয়ে নেওয়ার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি এম্পায়ার স্টেটে অত্যাধুনিক প্রযুক্তির উন্নয়ন সম্প্রসারণের জন্য তার বিস্তৃত এজেন্ডা তৈরি করে। গভর্নর হোকল আগের বছর IBM-এর CEO Arvind Krishna (অরবিন্দ কৃষ্ণ) এবং গার্লস হু কোড-এর CEO Dr. Tarika Barrett (ড. তারিকা ব্যারেট)-কে সদ্য তৈরি করা ইমার্জিং টেকনোলজি অ্যাডভাইজরি বোর্ড (বোর্ড) যেটা হলো নিউ ইয়র্কের বৃদ্ধি এবং উদ্ভাবনের কেন্দ্রে রূপান্তরকে তথ্য আদান প্রদান ও ত্বরান্বিত করার দায়িত্ব দেওয়া শিল্প নেতাদের একটি স্বাধীন গ্রুপ তার কো-চেয়ার হিসেবে নিযুক্ত করেছিলেন। 2024 সালের ডিসেম্বরে বোর্ড তার প্রাথমিক সুপারিশ প্রকাশ করেছে।

নিউ ইয়র্ক স্টেট অপারেশনস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডিরেক্টর Kathryn Garcia (ক্যাথরিন গার্সিয়া) বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মানুষ এবং অর্গানাইজেশনগুলোকে উপকৃত করার জন্য AI প্রযুক্তিগুলোকে কাজে লাগাতে চাই। AI ও উদীয়মান প্রযুক্তিতে নেতা হিসাবে নিউ ইয়র্ক বিশ্বব্যাপী প্রতিযোগীদের তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রের তুলনামূলক সুবিধা নিশ্চিত করতে প্রয়োজনীয় বিনিয়োগ করে যাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান সাইবার অফিসার Colin Ahern (কলিন আহেরন) বলেন, "নিউ ইয়র্কের শিল্প প্রতিভা, প্রাতিষ্ঠানিক দক্ষতা এবং উদ্ভাবনী ধারণা অত্যন্ত শক্তিশালী। আমরা নিশ্চিত করতে চাই যে এই রিসোর্সগুলো আমাদের স্টেট ও জাতিকে শক্তিশালী করবে এবং আমাদের প্রতিপক্ষের দ্বারা ছিনিয়ে নেওয়া হবে না। শক্তিশালী নিরাপত্তা গবেষণা এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করবে যে AI এর সুযোগ সুবিধাসমূহ নিউ ইয়র্কবাসী ও আমেরিকানদের সহায়তা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক আমাদের সমৃদ্ধ উদ্ভাবনী ইকোসিস্টেমকে উন্নত ও বাণিজ্যিকীকরণ করতে AI এর সুবিধা অব্যাহত রাখবে যা মানসম্পন্ন কর্মসংস্থান সৃষ্টি করে, অতিরিক্ত বিনিয়োগ আকর্ষণ করে এবং আমাদের অর্থনৈতিক নিরাপত্তাকে আরো বেশি শক্তিশালী করে।"

নিউ ইয়র্ক স্টেটে সেমিকন্ডাক্টর গবেষণা, বিকাশ, এবং প্রস্তুতকরণ চালনা করার জন্য গভর্নর আগে নিউ ইয়র্কের ঐতিহাসিক সবুজ CHIPS (Green CHIPS) বিধিমালা স্বাক্ষর করেছেন এবং NY CREATES এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে পরবর্তী প্রজন্মের চিপস গবেষণা নিয়ে আসার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করেছেন। বায়োমেডিকেল গবেষণায় উদ্ভাবন সমর্থন করার জন্য গভর্নর হোকল 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ অগ্রসর করা অব্যাহত রেখেছেন। এছাড়াও, গভর্নর Hochul (হোকল) 113.7 মিলিয়ন ডলারের ব্যাটারি-NY উদ্যোগের মতো কৌশলগত বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে স্থিতিশীলতা, সবুজ প্রযুক্তি এবং শক্তি সাশ্রয়ী অর্থনীতির বৃদ্ধিকে ত্বরান্বিত করেছেন।

গভর্নরের উদ্ভাবনী এজেন্ডা মুখ্য সরকারি ও বেসরকারি বিনিয়োগের জন্য অনুঘটক হিসেবে কাজ করেছে, নিউ ইয়র্কের অর্থনীতিকে রূপান্তরিত করেছে এবং ভবিষ্যতের ভালো বেতনের চাকরি তৈরি করেছে। গ্লোবালফাউন্ড্রিজ সম্প্রতি নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে এর চিপ প্রস্তুতকরণ ক্যাম্পাস সম্প্রসারিত করার জন্য 11.6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার ঘোষণা করেছে, যা 1,500 প্রত্যক্ষ এবং কয়েক হাজার পরোক্ষ চাকরি তৈরি করবে। 2022 সালে Micron সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি মেগাফ্যাব ক্যাম্পাস তৈরির জন্য একটি 20 বছরে 100 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করার ঘোষণা করে, যা 50,000 নতুন প্রত্যক্ষ ও পরোক্ষ চাকরি তৈরি করবে এবং কমিউনিটির কল্যাণে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার অর্জন সম্ভব করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন